SYNAPSE

MEDICAL ACADEMY

৩১তম বিসিএস

# General Part

প্রশ্ন, ও সমাধান

**প্রশ্ন ১. বাংলা গদ্যের জনক কে?**
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) উইলিয়াম কেরী
ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর
**সঠিক উত্তর:** ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
**ব্যাখ্যা: 'বাংলা গদ্যের জনক' ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।**
– তিনি বাংলা সাহিত্যে যতি বা বিরাম চিহ্নের প্রবর্তন করে গদ্যের অনুশীলন পর্যায়ে সুশৃঙ্খলতা ও পরিমিতিবোধ সঞ্চার করে বাংলা গদ্যরীতিকে এক অনন্য উচ্চতায় অধিষ্ঠিত করেন।
– সংস্কৃত ভাষা ও সাহিত্যে অগাধ পাণ্ডিত্যের জন্য সংস্কৃত কলেজ থেকে ১৮৩৯ সালে তিনি বিদ্যাসাগর উপাধি লাভ করেন।
**তাঁর কিছু শিক্ষামূলক গ্রন্থ**
– বর্ণপরিচয় (১ম ও ২য় ভাগ ; ১৮৫৫)
– ঋজুপাঠ (১ম, ২য় ও ৩য় ভাগ ; ১৮৫১-৫২)
– সংস্কৃত ব্যাকরণের উপক্রমণিকা (১৮৫১)
– ব্যাকরণ কৌমুদী (১৮৫৩)
**তাঁর রচিত মৌলিক গ্রন্থ**
– সংস্কৃত ভাষা ও সংস্কৃত সাহিত্য বিষয়ক প্রস্তাব (১৮৫৩)
– বিধবা বিবাহ চলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব (১৮৫৫)
– বহুবিবাহ রহিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব (প্রথম খন্ড ১৮৭১, ২য় খন্ড ১৮৭৩)
– 'অতি অল্প হইল' এবং 'আবার অতি অল্প হইল' দুখানা পুস্তক ১৮৭৩, বিধবা বিবাহ বিরোধী পণ্ডিতদের প্রতিবাদের উত্তরে 'কস্যচিৎ উপযুক্ত ভাইপোস্য' ছদ্মনামে রচিত।
– ব্রজবিলাস, যৎকিঞ্চিৎ অপূর্ব্ব মহাকাব্য (নভেম্বর, ১৮৮৪) – "কবিকুলতিলকস্য কস্যচিৎ উপযুক্ত ভাইপোস্য" ছদ্মনামে রচিত। বিধবাবিবাহের বিরুদ্ধে ব্রজনাথ বিদ্যারত্নের রচনার প্রত্যুত্তরে লিখিত হয়।
– রত্নপরীক্ষা (১৮৮৬)
– প্রভাবতী সম্ভাষণ (সম্ভবত ১৮৬৩)
– জীবন-চরিত (১৮৯১ ; মরণোত্তর প্রকাশিত)
– শব্দমঞ্জরী (১৮৬৪)
– নিষ্কৃতি লাভের প্রয়াস (১৮৮৮)
**উৎস:** বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর; সাহিত্যপাঠ, একাদশ-দ্বাদশ শ্রেণি (২০২০-২১ সংস্করণ); বাংলাপিডিয়া।

**প্রশ্ন ২. 'আনন্দমঠ' উপন্যাসের লেখক কে?**
ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
খ) তারাশঙ্কর বন্দোপাধ্যায়
গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ঘ) আনন্দমোহন বাগচী
**সঠিক উত্তর:** ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
**ব্যাখ্যা: ছিয়াত্তরের মন্বন্তরের পটভূমিকায় সন্ন্যাসী বিদ্রোহের ছায়া অবলম্বনে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত উপন্যাস 'আনন্দমঠ'(১৮৮২)।**
– উপন্যাসটির প্রতিপাদ্য বিষয় হিসেবে দাঁড়িয়েছে স্বদেশভক্তি, স্বজাতি ও স্বধর্মপ্রীতি।

– এ গ্রন্থে রচিত গান "বন্দে মাতরম্" পরবর্তিতে ব্রিটিশবিরোধী আন্দোলনকারীদের অত্যন্ত প্রিয় ও উদ্দীপক স্লোগান হিসেবে গৃহীত হয়।

**বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত উপন্যাস**

– দুর্গেশনন্দিনী
– কপালকুণ্ডলা
– মৃণালিনী
– বিষবৃক্ষ
– ইন্দিরা
– যুগলাঙ্গুরীয়
– চন্দ্রশেখর
– রাধারানী
– রজনী
– কৃষ্ণকান্তের উইল
– রাজসিংহ
– আনন্দমঠ
– দেবী চৌধুরানী

**উৎস:** বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**প্রশ্ন ৩. 'বিদ্রোহী' কবিতা কোন কাব্যের অন্তর্গত?**

ক) দোলনচাঁপা
খ) বিষের বাঁশী
গ) সাম্যবাদী
ঘ) অগ্নিবীণা

**সঠিক উত্তর:** ঘ) অগ্নিবীণা

**ব্যাখ্যা: কাজী নজরুল ইসলাম রচিত 'বিদ্রোহী' কবিতাটি তাঁর প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নিবীণা'র অন্তর্গত।**

– 'বিদ্রোহী' কবিতাটি কাব্যগ্রন্থের ২য় কবিতা।
কাজী নজরুল ইসলামের জন্ম ১৮৯৯ খ্রিষ্টাব্দের ২৪ মে (জ্যৈষ্ঠ ১১, ১৩০৬ বঙ্গাব্দ) ভারতের পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে।
– ১৯১৭ খ্রিষ্টাব্দের শেষদিকে নজরুল সেনাবাহিনীতে যোগ দেন।
– করাচি সেনানিবাসে বসে নজরুল যে রচনাগুলো সম্পন্ন করেন তার মধ্যে রয়েছে, বাউণ্ডুলের আত্মকাহিনী (প্রথম গদ্য রচনা), মুক্তি (প্রথম প্রকাশিত কবিতা)। – ১৯২২ খ্রিষ্টাব্দের ১২ই আগস্ট নজরুল ধূমকেতু পত্রিকা প্রকাশ করেন।
– পত্রিকার ২৬ সেপ্টেম্বর, ১৯২২ সংখ্যায় নজরুলের কবিতা আনন্দময়ীর আগমনে প্রকাশিত হয়। এই রাজনৈতিক কবিতা প্রকাশিত হওয়ায় ৮ নভেম্বর পত্রিকার উক্ত সংখ্যাটি নিষিদ্ধ ঘোষিত হয়।
– ১৯৭২ খ্রিষ্টাব্দের ২৪ মে তারিখে ভারত সরকারের অনুমতিক্রমে কবি নজরুলকে সপরিবারে বাংলাদেশে নিয়ে আসা হয়।

**তাঁর বিখ্যাত কাব্যগ্রন্থ-**

– অগ্নিবীণা,
– বিষের বাঁশি,
– ভাঙার গান,

– সাম্যবাদী,
– সর্বহারা,
– ফনীমনসা,
– জিঞ্জির,
– প্রলয় শিখা,
– সন্ধ্যা ইত্যাদি।
**উৎস:** বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর; উচ্চ মাধ্যমিক সাহিত্যপাঠ (২০২০-২১ সংস্করণ); বাংলাপিডিয়া ।

**প্রশ্ন ৪. তাম্বুলখানা গ্রামে জন্মেছিলেন কোন কবি?**
ক) জসীমউদ্‌দীন
খ) ফররুখ আহমদ
গ) আবুল হাসান
ঘ) শহীদ কাদরী
**সঠিক উত্তর:** ক) জসীমউদ্‌দীন
**ব্যাখ্যা:** 'পল্লীকবি' উপাধিতে ভূষিত, জসীম উদ্‌দীন আবহমান বাংলার সাংস্কৃতিক ঐতিহ্যে লালিত প্রথম পূর্ণাঙ্গ আধুনিক কবি।
**– তিনি ১৯০৩ সালের ১ জানুয়ারি ফরিদপুর জেলার তাম্বুলখানা গ্রামে জন্মগ্রহণ করেন।**
– মোহাম্মাদ জসীম উদ্‌দীন মোল্লা তার পূর্ণ নাম হলেও তিনি জসীম উদ্‌দীন নামেই পরিচিত।
– জসীম উদ্দীন একদম অল্প বয়স থেকেই লেখালেখি শুরু করেন। কলেজে অধ্যয়নরত থাকা অবস্থায়, পরিবার এবং বিয়োগান্ত দৃশ্যে, একদম সাবলীল ভাষায় তিনি বিশেষ আলোচিত কবিতা কবর লিখেন। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকাবস্থায় এই কবিতাটি প্রবেশিকার বাংলা পাঠ্যবইয়ে স্থান পায়।
**তাঁর রচিত কাব্যগ্রন্থ**
– রাখালী (১৯২৭)
– নকশী কাঁথার মাঠ (১৯২৯)
– বালুচর (১৯৩০)
– ধানখেত (১৯৩৩)
– সোজন বাদিয়ার ঘাট (১৯৩৪)
– হাসু (১৯৩৮)
– রুপবতি (১৯৪৬)
– মাটির কান্না (১৯৫১)
– এক পয়সার বাঁশী (১৯৫৬)
– সখিনা (১৯৫৯)
– সুচয়নী (১৯৬১)
– ভয়াবহ সেই দিনগুলিতে (১৯৬২)
– মা যে জননী কান্দে (১৯৬৩)
– হলুদ বরণী (১৯৬৬)
– জলে লেখন (১৯৬৯)
– পদ্মা নদীর দেশে (১৯৬৯)
– কাফনের মিছিল (১৯৭৮)

– মহরম
– দুমুখো চাঁদ পাহাড়ি (১৯৮৭)
**নাটক**
– পদ্মাপার (১৯৫০)
– বেদের মেয়ে (১৯৫১)
– মধুমালা (১৯৫১)
– পল্লীবধূ (১৯৫৬)
– গ্রামের মেয়ে (১৯৫৯)
**আত্মকথা**
– যাদের দেখেছি (১৯৫১)
– ঠাকুর বাড়ির আঙ্গিনায় (১৯৬১)
– জীবন কথা ( ১৯৬৪)
– স্মৃতিপট (১৯৬৪)
– স্মরণের সরণী বাহি (১৯৭৮)
**উপন্যাস**
– বোবা কাহিনী (১৯৬৪)
**উৎস:** বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর; বাংলাপিডিয়া

**প্রশ্ন ৫. 'ছিন্নপত্রে'র অধিকাংশ পত্র কাকে উদ্দেশ্য করে লেখা?**
ক) ইন্দিরা দেবী
খ) কাদম্বরী দেবী
গ) মৃণালিনী দেবী
ঘ) মৈত্রেয়ী দেবী
**সঠিক উত্তর:** ক) ইন্দিরা দেবী
**ব্যাখ্যা:** ১৮৯০ সালের দিকে রবীন্দ্রনাথ কল্পনার জগৎ থেকে নেমে বাস্তব জীবনে আসেন এবং রচনা করেন বাংলা সাহিত্যের অপূর্ব সম্পদ গল্পগুচ্ছের গল্পগুলি।
**– এছাড়া উত্তর ও পূর্ববঙ্গের প্রকৃতি অপরূপ রূপে প্রতিভাত হয় তাঁর ভ্রাতুষ্পুত্রী ইন্দিরা দেবীকে লেখা পত্রে, যেগুলি ছিন্নপত্র ও ছিন্নপত্রাবলী নামে সংকলিত হয়।**
**তাঁর অন্যান্য উৎসর্গকৃত কাব্য:**
– ভানুসিংহ ঠাকুরের পদাবলী – কাদম্বরী দেবী
– কড়ি ও কোমল – সত্যেন্দ্রনাথ ঠাকুর
– মানসী – মৃণালিনী দেবী ( 'উপহার' কবিতায় ইঙ্গিত আছে)
– সোনার তরী – কবি-ভ্রাতা দেবেন্দ্রনাথ সেন
– কথা ও কাহিনী – জগদীশচন্দ্র বসু
– . স্মরণ – মৃণালিনী দেবী
– পরিশেষ – অতুলপ্রসাদ সেন
– খাপছাড়া – রাজশেখর বসু
– আকাশ প্রদীপ – সুধীন্দ্রনাথ দত্ত প্রভৃতি।
– বসন্ত নাটকটি উৎসর্গ করেন নজরুল ইসলাম কে।
– বউ ঠাকুরানীর হাট উপন্যাসটি উৎসর্গ করেন সৌদামিনী দেবী

**উৎস:** লাল নীল দীপাবলি, হুমায়ুন আজাদ; বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর; বাংলাপিডিয়া।

**প্রশ্ন ৬. মাইকেল মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা কাব্য' কোন ধরনের কাব্য?**
ক) মহাকাব্য
খ) সনেট
গ) পত্রকাব্য
ঘ) গীতিকাব্য
**সঠিক উত্তর:** গ) পত্রকাব্য

**প্রশ্ন ৭. আলাওলের 'তোহফা' কোন ধরনের কাব্য?**
ক) আত্মজীবনী
খ) প্রণয়কাব্য
গ) নীতিকাব্য
ঘ) জঙ্গনামা
**সঠিক উত্তর:** গ) নীতিকাব্য

**প্রশ্ন ৮. 'উজবুক' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?**
ক) ফার্সি
খ) তুর্কি
গ) পর্তুগিজ
ঘ) আরবি
**সঠিক উত্তর:** খ) তুর্কি

**প্রশ্ন ৯. সমাসবদ্ধ শব্দ 'আনত' কোন সমাসের উদাহরণ?**
ক) বহুব্রীহি
খ) কর্মধারয়
গ) সুপসুপা
ঘ) অব্যয়ীভাব
**সঠিক উত্তর:** ঘ) অব্যয়ীভাব

**প্রশ্ন ১০. অশোক সৈয়দ কার ছদ্মনাম?**
ক) আবদুল মান্নান সৈয়দ
খ) সৈয়দ আজিজুল হক
গ) আবু সয়ীদ আইয়ুব
ঘ) সৈয়দ শামসুল হক
**সঠিক উত্তর:** ক) আবদুল মান্নান সৈয়দ

**প্রশ্ন ১১. সন্ধি-সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত?**
ক) ব্যঞ্জন ধ্বনি
খ) স্বরধ্বনি

গ) নিপাতনে সিদ্ধ
ঘ) বিসর্গ সন্ধি
**সঠিক উত্তর:** গ) নিপাতনে সিদ্ধ

**প্রশ্ন ১২. 'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?**
ক) পৃথ্বী
খ) নীর
গ) ক্ষিতি
ঘ) অবনী
**সঠিক উত্তর:** খ) নীর

**প্রশ্ন ১৩. 'পরাগলী মহাভারত' খ্যাত গ্রন্থের অনুবাদকের নাম কী?**
ক) সঞ্চয়
খ) কবীন্দ্র পরমেশ্বর
গ) শ্রীকর নন্দী
ঘ) কাশীরাম দাস
**সঠিক উত্তর:** খ) কবীন্দ্র পরমেশ্বর

**প্রশ্ন ১৪. 'বটতলার উপন্যাস' গ্রন্থের লেখকের নাম কী?**
ক) দিলারা হাশেম
খ) রাজিয়া খান
গ) রিজিয়া রহমান
ঘ) সেলিনা হোসেন
**সঠিক উত্তর:** খ) রাজিয়া খান

**প্রশ্ন ১৫. Quarterly শব্দের অর্থ কী?**
ক) সাপ্তাহিক
খ) পাক্ষিক
গ) ষান্মাসিক
ঘ) ত্রৈমাসিক
**সঠিক উত্তর:** ঘ) ত্রৈমাসিক

**প্রশ্ন ১৬. নিচের কোন বানানটি শুদ্ধ?**
ক) নিশিথিনী
খ) নিশীথীনি
গ) নিশিথীনী
ঘ) নিশীথিনী
**সঠিক উত্তর:** ঘ) নিশীথিনী

**প্রশ্ন ১৭. শিখণ্ডী শব্দের অর্থ কী?**
ক) কবুতর
খ) কোকিল

গ) খরগোশ
ঘ) ময়ূর
**সঠিক উত্তর:** ঘ) ময়ূর

**প্রশ্ন ১৮. সাহিত্যে অলঙ্কার প্রধানত কত প্রকার?**
ক) ৬
খ) ২
গ) ৪
ঘ) ৫
**সঠিক উত্তর:** খ) ২

**প্রশ্ন ১৯. গাড়ি চলে না, চলে না, নারে........গানের গীতিকার কে?**
ক) সঞ্জীব চৌধুরী
খ) বাপ্পা মজুমদার
গ) শাহ্ আবদুল করিম
ঘ) দাশরথি রায়
**সঠিক উত্তর:** গ) শাহ্ আবদুল করিম

**প্রশ্ন ২০. অধ্যাপক আহমদ শরীফের মৃত্যু সন কোনটি?**
ক) ১৯৯৭
খ) ১৯৯৮
গ) ১৯৯৯
ঘ) ২০০০
**সঠিক উত্তর:** গ) ১৯৯৯

**প্রশ্ন ২১. In each of the following questions, out of the given alternative, choose the one that best expresses the meaning of the given word :**
**Sporadic-**
ক) Consistent
খ) Uniform
গ) Frequent
ঘ) Scattered
**সঠিক উত্তর:** ঘ) Scattered

**প্রশ্ন ২২. Omnipotent-**
ক) Feeble
খ) Supreme
গ) Impotent
ঘ) Vulnerable
**সঠিক উত্তর:** খ) Supreme

**প্রশ্ন ২৩. In each of the following questions, choose the word opposite in meaning of the given word:**
**Repeal-**
ক) Abolish
খ) Enact
গ) Annul
ঘ) Nullify
**সঠিক উত্তর:** খ) Enact

**প্রশ্ন ২৪. Antonym of Equity is –**
ক) Uprightness
খ) Justice
গ) Integrity
ঘ) Bias
**সঠিক উত্তর:** ঘ) Bias

**প্রশ্ন ২৫. In each of the following questions, out of the four alternatives, choose the one which can be substituted for the given words/sentence :**
**A formal composition or speech expressing high praise of somebody-**
ক) elegy
খ) eulogy
গ) caricature
ঘ) exaggeration
**সঠিক উত্তর:** খ) eulogy

**প্রশ্ন ২৬. The word 'Shrug' indicating doubt or indifference is associated with-**
ক) shoulders
খ) head
গ) forehead
ঘ) eyebrows
**সঠিক উত্তর:** ক) shoulders

**প্রশ্ন ২৭. Fill in the blanks in the following sentence by selecting the most appropriate alternative :**
**He is quite _____ in dealing with people.**
ক) unsubtle
খ) imprudent
গ) diplomatic
ঘ) impolite
**সঠিক উত্তর:** গ) diplomatic

**প্রশ্ন ২৮. They suffered much ____ tornado had hit their village.**
ক) untill

খ) since
গ) as if
ঘ) let alone
**সঠিক উত্তর:** খ) since

**প্রশ্ন ২৯. One of the four sentences, given below is grammatically wrong. Choose the wrong sentence:**
ক) The land is belonged to an old lady.
খ) They parted from one another suddenly.
গ) The leader expressed himself forcibly.
ঘ) Mother bought me an icecream.
**সঠিক উত্তর:** ক) The land is belonged to an old lady.

**প্রশ্ন ৩০. One of the four sentences, given below is grammatically wrong. Choose the wrong sentence :**
ক) He was always arguing with his brother.
খ) His failure resulted for lack of attention.
গ) When will you write to him about your plan?
ঘ) Who was the boy you were all laughing at?
**সঠিক উত্তর:** খ) His failure resulted for lack of attention.

**প্রশ্ন ৩১. Choose the correct spelt word :**
ক) Volantory
খ) Volantary
গ) Voluntary
ঘ) Voluntory
**সঠিক উত্তর:** গ) Voluntary

**প্রশ্ন ৩২. Choose the correct spelt word :**
ক) Accilerate
খ) Accelerate
গ) Accelerrate
ঘ) Accilarate
**সঠিক উত্তর:** খ) Accelerate

**প্রশ্ন ৩৩. Choose the correct spelt word :**
ক) Tsunami
খ) Sunami
গ) suname
ঘ) Sunamee
**সঠিক উত্তর:** ক) Tsunami

**প্রশ্ন ৩৪. Of the four alternatives, find the one that best fits into the blank space : While living in poverty, the poet had to _____ a great deal of sufferings.**

ক) see through

খ) put up with

গ) pass by

ঘ) fall back

**সঠিক উত্তর:** খ) put up with

**প্রশ্ন ৩৫. Wordsworth introduced the readers ______ a new kind of poetry.**

ক) with

খ) at

গ) to

ঘ) by

**সঠিক উত্তর:** গ) to

**প্রশ্ন ৩৬. _____ his earlier study, the Professor's new study indicates a general warning trend in global weather.**

ক) In contrast of

খ) in contrast to

গ) In contrast by

ঘ) In contrast as

**সঠিক উত্তর:** খ) in contrast to

**প্রশ্ন ৩৭. Only those who are not serious to their success work by ____ and starts.**

ক) long odds

খ) against time

গ) every inch

ঘ) fits

**সঠিক উত্তর:** ঘ) fits

**প্রশ্ন ৩৮. Of the four alternatives given below, choose the word/words that best fits into the underlined word given in the sentence : 'One day women will have what has so long been denied them – leisure, money and room to themselves'.**

ক) Space

খ) Liberty

গ) Office

ঘ) Capacity

**সঠিক উত্তর:** খ) Liberty

**প্রশ্ন ৩৯. Choose the word/words that best fits into the underlined word given in the sentence: Crafty men condemn studies, simple men admire them and wise men use them.**

ক) Denounce

খ) Laud
গ) Compliment
ঘ) Acclaim
**সঠিক উত্তর:** ক) Denounce

**প্রশ্ন ৪০. The following idiom is followed by some alternatives, choose the one that best expresses its meaning.**
**To end in smoke-**
ক) To create fire
খ) To go through suffering
গ) To come to nothing
ঘ) To see fire
**সঠিক উত্তর:** গ) To come to nothing

**প্রশ্ন ৪১. কম্পিউটার-টু- কম্পিউটারের তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে বলা হয়-**
ক) ই-মেইল
খ) ইন্টারকম
গ) ইন্টারনেট
ঘ) টেলিকমিউনিকেশন
**সঠিক উত্তর:** গ) ইন্টারনেট

**প্রশ্ন ৪২. বাংলাদেশের লোকশিল্প জাদুঘর কোথায় অবস্থিত?**
ক) ময়নামতি
খ) সোনারগাঁ
গ) ঢাকা
ঘ) পাহাড়পুর
**সঠিক উত্তর:** খ) সোনারগাঁ

**প্রশ্ন ৪৩. জাতিসংঘের জনসংখ্যা সংক্রান্ত রিপোর্ট ১৯৯৪ অনুযায়ী জনসংখ্যার দিক দিয়ে বাংলাদেশের স্থান কত?**
ক) সপ্তম
খ) নবম
গ) একাদশ
ঘ) ত্রয়োদশ
**সঠিক উত্তর:** "বাতিল করা হয়েছে"

**প্রশ্ন ৪৪. ঢাকা বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠিত হয়?**
ক) ১৯২১
খ) ১৯২৫
গ) ১৯২৯
ঘ) ১৯৩৩
**সঠিক উত্তর:** ক) ১৯২১

**প্রশ্ন ৪৫. বাংলাদেশের সংবিধানের কত অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ সরকারি কর্ম কমিশন গঠিত হয়?**
ক) ১৩৭
খ) ১৩৮
গ) ১৪৭
ঘ) ১৫০
**সঠিক উত্তর:** ক) ১৩৭

**প্রশ্ন ৪৬. কে বাংলার সাল গণনা শুরু করেন?**
ক) লক্ষ্মণ সেন
খ) ইলিয়াস শাহ্
গ) বিজয় সেন
ঘ) আকবর
**সঠিক উত্তর:** ঘ) আকবর

**প্রশ্ন ৪৭. গম্ভীরা বাংলাদেশের কোন অঞ্চলের লোকসঙ্গীত?**
ক) চট্টগ্রাম
খ) রাঙামাটি
গ) চাঁপাইনবাবগঞ্জ
ঘ) জামালপুর
**সঠিক উত্তর:** গ) চাঁপাইনবাবগঞ্জ

**প্রশ্ন ৪৮. বাংলাদেশে কয়টি উপজাতীয় প্রতিষ্ঠান আছে?**
ক) ৮ টি
খ) ৫ টি
গ) ৪ টি
ঘ) ৩ টি
**সঠিক উত্তর:** ক) ৮ টি

**প্রশ্ন ৪৯. রেলপথে ঢাকা থেকে খুলনার দূরত্ব কত?**
ক) ৬২৭ কি.মি.
খ) ৫২৯ কি.মি.
গ) ৪১২ কি.মি.
ঘ) ৩০৭ কি.মি.
**সঠিক উত্তর:** গ) ৪১২ কি.মি.

**প্রশ্ন ৫০. নিম্নলিখিত কোন দেশ থেকে বাংলাদেশ বর্তমানে সবচেয়ে বেশি সাহায্য পায়?**
ক) মার্কিন যুক্তরাষ্ট্র
খ) জাপান
গ) দক্ষিণ কোরিয়া
ঘ) জার্মানি

**সঠিক উত্তর:** খ) জাপান

**প্রশ্ন ৫১. বাংলাদেশ কোন সাল থেকে শান্তিরক্ষা বাহিনীতে কাজ করছে?**
ক) ১৯৮৮
খ) ১৯৮৫
গ) ১৯৭৫
ঘ) ১৯৭৯
**সঠিক উত্তর:** ক) ১৯৮৮

**প্রশ্ন ৫২. হাজার হ্রদের দেশ কোনটি?**
ক) নরওয়ে
খ) ফিনল্যান্ড
গ) ইন্দোনেশিয়া
ঘ) জাপান
**সঠিক উত্তর:** খ) ফিনল্যান্ড

**প্রশ্ন ৫৩. পূর্বে কোন দেশটি শ্যামদেশ নামে পরিচিত ছিল?**
ক) মালয়েশিয়া
খ) ইন্দোনেশিয়া
গ) থাইল্যান্ড
ঘ) মায়ানমার
**সঠিক উত্তর:** গ) থাইল্যান্ড

**প্রশ্ন ৫৪. হারারে'র পূর্ব নাম কি?**
ক) সলসব্যারী
খ) রোডেসিয়া
গ) জিবুতি
ঘ) জায়ারে
**সঠিক উত্তর:** ক) সলসব্যারী

**প্রশ্ন ৫৫. কবে ফরাসী বিপ্লব সংঘটিত হয়?**
ক) ১৭৮৯
খ) ১৭৯১
গ) ১৭৯৫
ঘ) ১৮০০
**সঠিক উত্তর:** ক) ১৭৮৯

**প্রশ্ন ৫৬. কার্ল মার্কস কোন দেশে মৃত্যুবরণ করেন?**
ক) জার্মানি
খ) ফ্রান্স
গ) যুক্তরাজ্য
ঘ) রাশিয়া

**সঠিক উত্তর:** গ) যুক্তরাজ্য

**প্রশ্ন ৫৭. আফগানিস্তানের শেষ বাদশাহ কে ছিলেন?**
ক) দাউদ খাঁ
খ) জহির শাহ
গ) নাদির শাহ
ঘ) নজীবুল্লাহ
**সঠিক উত্তর:** খ) জহির শাহ

**প্রশ্ন ৫৮. স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রকে সর্বপ্রথম কোন দেশ স্বীকৃতি দান করে?**
ক) ইরাক
খ) ইরান
গ) সৌদি আরব
ঘ) আলজেরিয়া
**সঠিক উত্তর:** ঘ) আলজেরিয়া

**প্রশ্ন ৫৯. 'লাইন অব কন্ট্রোল' কোন দুটি রাষ্ট্রের সীমান্তবর্তী রেখা চিহ্নিত করে?**
ক) ইসরাইল ও জর্ডান
খ) ভারত ও পাকিস্তান
গ) চীন ও তাইওয়ান
ঘ) দক্ষিণ কোরিয়া ও উত্তর কোরিয়া
**সঠিক উত্তর:** খ) ভারত ও পাকিস্তান

**প্রশ্ন ৬০. মধ্য আমেরিকার কোন দেশে স্থায়ী সেনাবাহিনী নেই?**
ক) কলাম্বিয়া
খ) নিকারাগুয়া
গ) কোস্টারিকা
ঘ) এল সালভাদর
**সঠিক উত্তর:** গ) কোস্টারিকা

**প্রশ্ন ৬১. পৃথিবীর সর্বাপেক্ষা বেশি গম উৎপাদনকারী দেশ কোনটি?**
ক) অস্ট্রেলিয়া
খ) কানাডা
গ) যুক্তরাষ্ট্র
ঘ) চীন
**সঠিক উত্তর:** "বাতিল করা হয়েছে"

**প্রশ্ন ৬২. কোনটি অর্ধ-পরিবাহী (Semi-conductor) নয়?**
ক) লোহা
খ) সিলিকন
গ) জার্মেনিয়াম
ঘ) গ্যালিয়াম

**সঠিক উত্তর:** ক) লোহা

**প্রশ্ন ৬৩. আইসোটোপের ক্ষেত্রে কোনটি সঠিক?**
ক) ভর সংখ্যা সমান থাকে
খ) নিউট্রন সংখ্যা সমান থাকে
গ) প্রোটন ও নিউট্রন সংখ্যা সমান থাকে
ঘ) প্রোটন সংখ্যা সমান থাকে
**সঠিক উত্তর:** ঘ) প্রোটন সংখ্যা সমান থাকে

**প্রশ্ন ৬৪. ভারী পানি (Heavy water) এর সংকেত হচ্ছে** –
ক) $2H_2O_2$
খ) $H_2O$
গ) $D_2O$
ঘ) $HD_2O_2$
**সঠিক উত্তর:** গ) $D_2O$

**প্রশ্ন ৬৫. জারণ বিক্রিয়ায় ঘটে-**
ক) ইলেক্ট্রন বর্জন
খ) ইলেক্ট্রন গ্রহণ
গ) ইলেক্ট্রন আদান-প্রদান
ঘ) তড়িৎ ধনাত্মক মৌলের বা মূলকের অপসারণ
**সঠিক উত্তর:** ক) ইলেক্ট্রন বর্জন

**প্রশ্ন ৬৬. বিদ্যুতের উচ্চতর ভোল্ট থেকে নিম্নতর ভোল্ট পাওয়া যায়-**
ক) ট্রান্সমিটারের সাহায্যে
খ) স্টেপ-আপ ট্রান্সফর্মারের সাহায্যে
গ) স্টেপ-ডাউন ট্রান্সফর্মারের সাহায্যে
ঘ) এডাপটারের সাহায্যে
**সঠিক উত্তর:** গ) স্টেপ-ডাউন ট্রান্সফর্মারের সাহায্যে

**প্রশ্ন ৬৭. কাজ ও বলের একক যথাক্রমে-**
ক) নিউটন ও মিটার
খ) জুল ও ডাইন
গ) ওয়াট ও পাউন্ড
ঘ) প্যাসকেল ও কিলোগ্রাম
**সঠিক উত্তর:** খ) জুল ও ডাইন

**প্রশ্ন ৬৮. আকাশে বিদ্যুৎ চমকায়** –
ক) মেঘের অসংখ্য জলকণা/বরফকণার মধ্যে চার্জ সঞ্চিত হলে
খ) দুখণ্ড মেঘ পরস্পর সংঘর্ষ হলে
গ) মেঘের মধ্যে বিদ্যুৎ কোষ তৈরি হলে
ঘ) মেঘ বিদ্যুৎ পরিবাহী অবস্থায় এলে

**সঠিক উত্তর:** ক) মেঘের অসংখ্য জলকণা/বরফকণার মধ্যে চার্জ সঞ্চিত হলে

**প্রশ্ন ৬৯. কোন নিষ্ক্রিয় গ্যাসে (Inert gas) আটটি ইলেকট্রন নেই?**
ক) হিলিয়াম
খ) নিয়ন
গ) আর্গন
ঘ) জেনন
**সঠিক উত্তর:** ক) হিলিয়াম

**প্রশ্ন ৭০. এপিকালচার বলতে বুঝায়-**
ক) রেশমের চাষ
খ) মৎস্য চাষ
গ) মৌমাছির চাষ
ঘ) পাখিপালন বিদ্যা
**সঠিক উত্তর:** গ) মৌমাছির চাষ

**প্রশ্ন ৭১. বিগ ব্যাং (Big Bang) তত্ত্বের আধুনিক তত্ত্ব ব্যাখ্যা উপস্থাপন করেছেন –**
ক) স্টিফেন হকিং
খ) জি লেমেটার
গ) আব্দুস সালাম
ঘ) এডুইন হাবল
**সঠিক উত্তর:** ক) স্টিফেন হকিং

**প্রশ্ন ৭২. বায়ুমন্ডলে যে স্তরে বেতার তরঙ্গ প্রতিফলিত হয়-**
ক) স্ট্রাটোস্ফিয়ার
খ) ট্রাপোস্ফিয়ার
গ) আয়োনোস্ফিয়ার
ঘ) ওজোন স্তর
**সঠিক উত্তর:** গ) আয়োনোস্ফিয়ার

**প্রশ্ন ৭৩. অপটিক্যাল ফাইবার (Optical fibre) হচ্ছে-**
ক) খুব সরু এবং নমনীয় কাচ তন্তুর আলোক নল
খ) খুব সূক্ষ্ম সুপরিবাহী তামার তার তন্তু নল
গ) খুব সরু এসবেস্টোস ফাইবার নল
ঘ) সূক্ষ্ম প্লাস্টিক ঘটিত নল
**সঠিক উত্তর:** ক) খুব সরু এবং নমনীয় কাচ তন্তুর আলোক নল

**প্রশ্ন ৭৪. সমুদ্রে দ্রাঘিমাংশ নির্ণয়ের যন্ত্রের নাম-**
ক) ক্রোনোমিটার
খ) কম্পাস
গ) সিসমোগ্রাফ
ঘ) সেক্সট্যান্ট

**সঠিক উত্তর:** ক) ক্রোনোমিটার

**প্রশ্ন ৭৫. প্রবল জোয়ারের কারণ, যখন-**
ক) সূর্য ও চন্দ্র পৃথিবীর সঙ্গে সমকোণে অবস্থান করে
খ) চন্দ্র পৃথিবীর সবচেয়ে কাছে অবস্থান করে
গ) পৃথিবী সূর্যের সবচেয়ে কাছে থাকে
ঘ) সূর্য, চন্দ্র ও পৃথিবী যথাক্রমে এক সরলরেখায় অবস্থান করে
**সঠিক উত্তর:** ঘ) সূর্য, চন্দ্র ও পৃথিবী যথাক্রমে এক সরলরেখায় অবস্থান করে

**প্রশ্ন ৭৬. কোলেস্টেরল এক ধরনের ____ ।**
ক) অসম্পৃক্ত এলকোহল
খ) জৈব এসিড
গ) পলিমার
ঘ) এমিনো এসিড
**সঠিক উত্তর:** ক) অসম্পৃক্ত এলকোহল

**প্রশ্ন ৭৭. কৃষি জমিতে প্রধানত চুন ব্যবহার করা হয়-**
ক) মাটির ক্ষয় রোধের জন্য
খ) মাটির অম্লতা বৃদ্ধির জন্য
গ) মাটির অম্লতা হ্রাসের জন্য
ঘ) মাটির জৈব পদার্থ বৃদ্ধির জন্য
**সঠিক উত্তর:** গ) মাটির অম্লতা হ্রাসের জন্য

**প্রশ্ন ৭৮. কোন আলোক তরঙ্গে (Light spectrum) মানব চোখে দেখতে পাওয়া যায়?**
ক) ১০ থেকে ৪০০ নেমি (nm)
খ) ৪০০ থেকে ৭০০ নেমি (nm)
গ) ১০০ মাইক্রোমিটার (um) থেকে ১ মি(m)
ঘ) ১ মি(m) – এর ঊধ্বে
**সঠিক উত্তর:** খ) ৪০০ থেকে ৭০০ নেমি (nm)

**প্রশ্ন ৭৯. হীরক উজ্জ্বল দেখার কারণ** –
ক) পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের জন্য
খ) প্রতিসরণের জন্য
গ) প্রতিফলনের জন্য
ঘ) অপবর্তনের জন্য
**সঠিক উত্তর:** ক) পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের জন্য

**প্রশ্ন ৮০. মানব দেহে সাধারণভাবে ক্রোমোজোম থাকে-**
ক) ২৫ জোড়া
খ) ২৪ জোড়া
গ) ২৩ জোড়া
ঘ) ২০ জোড়া

**সঠিক উত্তর:** গ) ২৩ জোড়া

**প্রশ্ন ৮১. রহিম, করিম এবং গাজী তিন জনে একটি কাজ করতে পারে যথাক্রমে 15, 6 এবং 10 দিনে। তাহারা একত্রে তিন জনে কাজটি কত দিনে শেষ করতে পারবে?**
ক) 3 দিন
খ) 18 দিন
গ) 7 দিন
ঘ) 15 দিন
**সঠিক উত্তর:** ক) 3 দিন

**প্রশ্ন ৮২. কোনো সংখ্যার 40% এর সাথে 42 যোগ করলে ফলাফল হবে ঐ সংখ্যাটি। উহা কত?**
ক) 70
খ) 80
গ) 90
ঘ) 75
**সঠিক উত্তর:** ক) 70

**প্রশ্ন ৮৩. কোন সংখ্যার 60% থেকে 60 বিয়োগ করলে ফলাফল হবে 60। তবে সংখ্যাটি হত?**
ক) 250
খ) 100
গ) 200
ঘ) 300
**সঠিক উত্তর:** গ) 200

**প্রশ্ন ৮৪. একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 4cm এবং 6cm হয় তবে রম্বসের ক্ষেত্রফল কত?**
ক) 6
খ) 8
গ) 12
ঘ) 24
**সঠিক উত্তর:** গ) 12

**প্রশ্ন ৮৫. $3x-7y+10=0$ এবং $y - 2x - 3=0$ এর সমাধান-**
ক) $x = 1, y = -1$
খ) $x =1, y = 1$
গ) $x =-1, y= -1$
ঘ) $x = -1, y = 1$
**সঠিক উত্তর:** ঘ) $x = -1, y = 1$

**প্রশ্ন ৮৬. যদি $a + b = 2, ab =1$ হয় তবে a এবং b এর মান যথাক্রমে-**
ক) 0, 2
খ) 1, 1

গ) -1, 3
ঘ) -3, -4
**সঠিক উত্তর:** খ) 1, 1

**প্রশ্ন ৮৭. দুটি সংখ্যার যোগফল 48 এবং তাদের গুণফল 432। তবে বড় সংখ্যাটি কত?**
ক) 36
খ) 37
গ) 38
ঘ) 40
**সঠিক উত্তর:** ক) 36

**প্রশ্ন ৮৮. 0, 1, 2 এবং 3 দ্বারা গঠিত চার অঙ্কের বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল-**
ক) 3147
খ) 2287
গ) 2987
ঘ) 2187
**সঠিক উত্তর:** ঘ) 2187

**প্রশ্ন ৮৯. $1^2+2^2+3^2+.....+x^2$ – এর মান কত?**
ক) x(x+1)/2
খ) x
গ) $^2$
ঘ) x(x+1)(2x+1)/6
**সঠিক উত্তর:** ঘ) x(x+1)(2x+1)/6

**প্রশ্ন ৯০. যদি $64^{2/3}+ 625^{1/2} = 3k$ হয় তবে kএর মান-**
ক) 12(2/5)
খ) 13(2/3)
গ) 11(1/3)
ঘ) 9(2/3)
**সঠিক উত্তর:** খ) 13(2/3)

**প্রশ্ন ৯১. কোনটি সবচেয়ে ছোট?**
ক) 2/11
খ) 3/11
গ) 2/13
ঘ) 4/15
**সঠিক উত্তর:** গ) 2/13

**প্রশ্ন ৯২. যদি Q/P = 1/4 হয় তবে (P+Q)/(P-Q) এর মান-**
ক) 5/3
খ) 2/3

গ) 3/5
ঘ) 5/7
**সঠিক উত্তর:** ক) 5/3

**প্রশ্ন ৯৩. $\log_2(1/32)$ এর মান-**
ক) 125
খ) – 5
গ) 15
ঘ) – 15
**সঠিক উত্তর:** খ) – 5

**প্রশ্ন ৯৪. $(4x^2-16)$ এবং $6x^2+24x+24$ এর গসাগু-**
ক) x + 2
খ) x + 4
গ) x + 2
ঘ) 2(x + 2)
**সঠিক উত্তর:** ঘ) 2(x + 2)

**প্রশ্ন ৯৫. $x^3-x^2$ কে x-2 দ্বারা ভাগ করলে অবশেষে থাকবে-**
ক) 2
খ) 4
গ) -6
ঘ) -8
**সঠিক উত্তর:** খ) 4

**প্রশ্ন ৯৬. যদি $a^2+1/a^2= 51$ হয় তবে $a – 1/a$ এর মান কত?**
ক) ±9
খ) ±7
গ) ±5
ঘ) ±3
**সঠিক উত্তর:** খ) ±7

**প্রশ্ন ৯৭. $f(x) = x^3– 2x + 10$ হলে f(0) = কত?**
ক) 1
খ) 5
গ) 8
ঘ) 10
**সঠিক উত্তর:** ঘ) 10

**প্রশ্ন ৯৮. $(x – 4)^2 + (y + 3)^2= 100$ বৃত্তের কেন্দ্রীয় স্থানাংক কত?**
ক) (0,0)
খ) (4,- 3)

গ) (- 4,3)
ঘ) (10,10)
**সঠিক উত্তর:** খ) (4,- 3)

**প্রশ্ন ৯৯. একটি ত্রিভুজাকৃতি মাঠের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে 20m, 21 m এবং 29 m হলে এর ক্ষেত্রফল কত?**
ক) $200m^2$
খ) $210m^2$
গ) $290m^2$
ঘ) $300m^2$
**সঠিক উত্তর:** খ) $210m^2$

**প্রশ্ন ১০০. যদি দুটি সংখ্যার যোগফল এবং গুণফল যথাক্রমে 20 এবং 96 হয়, তবে সংখ্যা দুইটির ব্যস্তানুপাতিক যোগফল কত হবে?**
ক) 1/8
খ) 1/6
গ) 3/4
ঘ) 5/24
**সঠিক উত্তর:** ঘ) 5/24